

মোবাইল, ট্যাবলেট বা ল্যাপটপ হারানো খুবই স্বাভাবিক একটা ব্যাপার। এসব ডিভাইস হারানোর পরে অনেকে খুব বেশি কিছু চিন্তা না করে নতুন ডিভাইস কিনে ফেলেন। পুরনো ডিভাইসে কী তথ্য ছিল, সেগুলো সুরক্ষিত থাকবে কিনা এ নিয়ে ভাবেন না তারা। এতে বড় ধরনের ঝুঁকি থেকে যায়।

ডিভাইস হারালে স্বাভাবিকভাবেই নতুন একটি কিনতে হবে। তবে তার আগে গুরুত্ব দিতে হবে পুরনো ডিভাইসে থাকা তথ্যের সুরক্ষার বিষয়টির দিকে। বিশেষ করে ওই হারানো ডিভাইসে লগইন থাকা জিমেইল অ্যাকাউন্টে যদি অফিসের সংবেদনশীল তথ্য বা আপনার ব্যক্তিগত তথ্য থাকে তাহলে সেগুলো সুরক্ষিত রাখার তাৎক্ষণিক পদক্ষেপ নিতে হবে।

ভারতের প্রযুক্তিবিষয়ক সংবাদমাধ্যম গেজেটস নাউ এক প্রতিবেদনে জানায়, কারও ডিভাইস হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে অন্য ডিভাইস থেকে জিমেইল অ্যাকাউন্ট লগআউট করার সুযোগ দেয় গুগল। এজন্য আপনাকে জিমেইল অ্যাকাউন্টে প্রবেশ করে গুগলের প্রাইভেসি ফিচার ব্যবহার করতে হবে। অন্য ডিভাইস থেকে আপনার জিমেইল অ্যাকাউন্ট যেভাবে লগআউট করবেন-

১. প্রথমে যেকোনও ব্রাউজার থেকে [www.google.com](http://www.google.com) এ প্রবেশ করুন।

২. ডানপাশের কোণায় থাকা প্রোফাইল আইকনে ক্লিক করুন। সেখান থেকে 'ম্যানেজ ইওর গুগল অ্যাকাউন্ট' অপশনে ক্লিক করতে হবে।

৩. বাম দিকে থাকা 'সিকিউরিটি' ট্যাবে ক্লিক করুন। সেখান থেকে 'ইওর ডিভাইসেস' সেকশনের একেবারে নিচে 'ম্যানেজ ডিভাইসেস' অপশনে যান।

৪. এখানে যে ডিভাইস থেকে আপনি সাইন-আউট হতে চান সেটি খুঁজে বের করে তার ডানপাশে থাকা তিনটি ডট চিহ্নিত অপশনে ক্লিক করুন। এবার সাইন-আউট অপশনটিতে ক্লিক করতে হবে।

৫. শেষ পর্যায়ে আপনি সাইন-আউট হতে চান কিনা সে বিষয়ে চূড়ান্ত সম্মতি চাওয়া হবে। সম্মতির জন্য শেষবারের মতো 'সাইন-আউট' অপশনটিতে ক্লিক করুন।